# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৪৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৭৬]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ লাল কাপড় পরিধান করে নামায পড়া

بَاب الصَّلَاةِ فِي الثَّوْبِ الْأَحْمَرِ

আরবী

عَنْ أَبِى جحيفة قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي قُبَّةٍ حَمْرَاءَ مِنْ أَدَمٍ وَرَأَيْتُ بِلَالًا أَخَذَ وَضُوءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَأَيْتُ النَّاسَ يَبْتَدِرُونَ ذَاكَ الْوَضُوءَ فَمَنْ أَصَابَ مِنْهُ شَيْئًا تَمَسَّحَ بِهِ وَمَنْ لَمْ يُصِبْ مِنْهُ شَيْئًا أَخَذَ مِنْ بَلَلِ يَدِ صَاحِبِهِ ثُمَّ رَأَيْتُ بِلَالًا أَخَذَ عَنَزَةً فَرَكَزَهَا وَخَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حُلَّةٍ حَمْرَاءَ مُشَمِّرًا صَلَّى إِلَى الْعَنَزَةِ بِالنَّاسِ رَكْعَتَيْنِ وَرَأَيْتُ النَّاسَ وَالدَّوَابَّ يَمُرُّونَ مِنْ بَيْنِ يَدَيْ الْعَنَزَةِ

বাংলা

২৪৪) আবু জুহায়ফা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে লাল রঙ্গের চামড়ার তাঁবুর ভিতরে দেখতে পেলাম। আর বেলাল (রাঃ)কে দেখলাম, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ব্যবহৃত অযুর অবশিষ্ট পানি নিয়ে আসছেন। লোকদেরকে দেখলাম তা সংগ্রহ করার জন্য খুব প্রতিযোগিতায় লিপ্ত রয়েছে। যিনি উক্ত পানি থেকে কিছু সংগ্রহ করতে পেরেছেন তিনি তা স্বীয় শরীর ও মুখমণ্ডল ে মাসেহ করছেন। আর যে ব্যক্তি কোন কিছুই সংগ্রহ করতে পারেনি সে তাঁর সাথীর হাতের ভিজা অংশ থেকে কিছু আদ্রতা নিয়ে স্বীয় শরীর ও মুখমণ্ডল ে মাসেহ করছেন। অতঃপর বেলাল (রাঃ)কে দেখলাম তিনি ছোট একটি লাঠি হাতে নিয়ে তা গেড়ে দিলেন। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লাল রংএর এক জোড়া চাদর পরিধান করে বের হয়ে এসে লাঠিটিকে সুতরা স্বরূপ সামনে রেখে লোকদেরকে নিয়ে দু'রাকআত নামায পড়লেন। এ সময় তাঁর লুঙ্গি টাখনুর অনেক উপরে ছিল। আমি দেখলাম মানুষ এবং চতুষ্পদ জন্তু লাঠির সম্মুখ দিয়ে যাতায়াত করছে।

## English

(It is permissible) to offer Salat (prayer) in a red garment

Narrated Abu Juhaifa:

I saw Allah's Messenger (ﷺ) in a red leather tent and I saw Bilal taking the remaining water with which the Prophet had performed ablution. I saw the people taking the utilized water impatiently and whoever got some of it rubbed it on his body and those who could not get any took the moisture from the others' hands. Then I saw Bilal carrying a short spear (or stick) which he planted in the ground. The Prophet came out tucking up his red cloak, and led the people in prayer and offered two rak`at (facing the Ka`ba) taking a short spear (or stick) as a Sutra for his prayer. I saw the people and animals passing in front of him beyond the stick.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ জুহাইফাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89542

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন